

জীবনের জন্য বিজ্ঞান  
"শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন"



ইন্সটিটিউট অব মাইনিং, মিনারেলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), বিসিএসআইআর, জয়পুরহাট  
Institute of Mining, Mineralogy and Metallurgy (IMMM), BCSIR, Joypurhat

সূত্র নং: ৩৯.০২.৩৮৪৭.০৭৮.৩৬.১৬৮.২২.৯১৪

তারিখ: ১৫/১২/২০২২।

বিষয়: বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৩ অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তির বিকাশে বাংলাদেশের বিভিন্ন স্কুল, কলেজ, মাদ্রাসা ও বিজ্ঞান ক্লাব-এর ছাত্রছাত্রীদের জন্য ইন্সটিটিউট অব মাইনিং, মিনারেলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), বিসিএসআইআর, জয়পুরহাট-এর ক্যাম্পাসে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক আগামী ১৯-২১ জানুয়ারি ২০২৩ তারিখ পর্যন্ত ০৩(তিন) দিনব্যাপী বিজ্ঞান মেলার আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

অংশগ্রহণকারী শিক্ষা প্রতিষ্ঠান ও বিজ্ঞান ক্লাব এর প্রতিযোগীদের নিম্ন মাধ্যমিক (ষষ্ঠ হতে অষ্টম শ্রেণি), মাধ্যমিক (নবম ও দশম শ্রেণি) এবং উচ্চ মাধ্যমিক (একাদশ ও দ্বাদশ শ্রেণি) ০৩ (তিন)টি ভাগে ভাগ করা হয়েছে। প্রতিটি বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীদের জন্য থাকবে আকর্ষণীয় পুরস্কার, ক্রেস্ট ও সার্টিফিকেট।

বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৩ আয়োজনে আপনার প্রতিষ্ঠান কর্তৃক মানসম্পন্ন বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি বিষয়ক গবেষণা প্রকল্প (শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, প্রকল্পের নাম ও উদ্দেশ্য, আবেদনকারীর তথ্য) আগামী ১২ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে যোগাযোগের সম্পূর্ণ ঠিকানা, ফোন/মোবাইল নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) উল্লেখ করে নিম্ন ঠিকানায় নাম অন্তর্ভুক্ত করতে অনুরোধ করা যাচ্ছে। মেলায় অংশগ্রহণের নিমিত্ত নির্বাচিত প্রকল্পসমূহের বিবরণ ১৬/০১/২০২৩ তারিখে ইন্সটিটিউটের প্রশাসনিক কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

উল্লেখ্য যে, [immm.bcsir.gov.bd](http://immm.bcsir.gov.bd) ওয়েব পোর্টাল হতে বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৩ আবেদন ফরম ডাউনলোড করা যাবে। বিজ্ঞান ক্লাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার কাউন্সিলর বা মেয়র কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং প্রত্যয়ন পত্রে সংশ্লিষ্ট কাউন্সিলর বা মেয়রের মোবাইল ও টেলিফোন নম্বর উল্লেখ থাকতে হবে। বিসিএসআইআর বিজ্ঞান ও শিল্প-প্রযুক্তি মেলা-২০২৩-এ আপনার প্রতিষ্ঠান কর্তৃক অংশগ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানানো যাচ্ছে।

আপনার বিশ্বস্ত



নাম: ড. মোহাম্মদ নাজিম জামান

পদনাম: পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: +৮৮০২৫৮-৮৮৭৭৪২৫

ফ্যাক্স: +৮৮০২৫৮-৮৮৭৭৪২৬

ই-মেইল: [dir-immm@bcsir.gov.bd](mailto:dir-immm@bcsir.gov.bd)